# পশ্চিমবঙ্গ কলেজ শিক্ষাকর্মী ইউনিয়ন

## পশ্চিমবঙ্গ রাজ্য কমিটি

২৪৯, বি. বি. গাঙ্গুলী ষ্ট্রীট, কলিকাতা.

**সকল রাজ্য সম্পাদক মন্ডলীর সদস্য, জেলা কমিটির সম্পাদক/সভাপতিদের প্রতিঃ-**

**********************************************************************************

**সার্কুলার ২/২০৪৪**

*****************

প্রিয় সাথিবৃন্দ,

গত ০৮/০৩/ ২০২৪ শুক্রবার কমরেড মুন্সী মোশারফ হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত রাজ্য সম্পাদক মন্ডলীর সভায় নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তগুলি বাস্তবায়িত করার জন্য বিশেষভাবে অনুরোধ করছি। সম্পাদকমণ্ডলীর সভার দিন স্থির করার আগে সম্পাদক মন্ডলীর সদস্যদের কাছে থেকে মতামত চাওয়া হয়েছল। কেউ অসুবিধা কথা জানাননি তা সত্বেও অনেকে উপস্থিত হলেন না । এই বিষয়ে সভা উদ্বেগ প্রকাশ করে, এবং আগামী দিনে ধারাবাহিকভাবে যারা উপস্থিত হচ্ছেন না তাদের অসুবিধার কথা জানানো উচিত বলে সভা মনে করে।

সম্পাদক মন্ডলী সভায় উপস্থিত ছিলেন

****************************************

১) কমরেড মুন্সী মোশারফ হোসেন

২) কমরেড নীলকমল সাহা

৩) কমরেড চঞ্চল দাস

৪) কমরেড উপানন্দ মন্ডল

৫) কমরেড অশোক কর্মকার

৬) কমরেড বৃন্দাবন রুইদাস

৭) কমরেড পরমানন্দ দোলাই

৮) কমরেড সুব্রত চক্রবর্তী

৯) কমরেড উৎপল সাহা

১০) কমরেড গৌরব সাহা

১১) কমরেড শান্তনু রায়

১২) কমরেড মানস ভট্টাচার্য

চেষ্টা করছিলেন বলে জানিয়েছেন :-

**********************************

১) কমরেড রঞ্জন গুপ্ত

২) কমরেড সৌমেন ব্যানার্জী

সভায় রাজ্য বর্ধিত অধিবেশন সফল ভাবে রূপায়িত করার জন্য পশ্চিম বর্ধমান জেলা কমিটিকে অভিনন্দন, লাল সেলাম জানানো হয়।

# পশ্চিমবঙ্গ কলেজ শিক্ষাকর্মী ইউনিয়ন

## পশ্চিমবঙ্গ রাজ্য কমিটি

## ২৪৯, বি. বি. গাঙ্গুলী ষ্ট্রীট, কলিকাতা.

১) ১৪ ই মার্চ ২০২৪ যৌথ মঞ্চের আহ্বানে নবান্ন অভিযানকে সফল করে তুলতে জেলা কমিটি গুলিকে ব্যানার সহ ব্যাপক জমায়েতের উদ্যোগ গ্রহণ করতে হবে। জমায়েতের স্থান পড়ে জানানো হবে।

২) আগামী ২০ শে মার্চ বৃহস্পতিবার REF এর ডাকে ধর্মতলার ওয়াই চ্যানেলে দুপুর ৩ টে থেকে ৭ টা পর্যন্ত অবস্থান কর্মসূচী হবে। সকলকে উপস্থিত হতে হবে।

৩) আগামী ২৪ শে মার্চ রবিবার আসন্ন লোকসভা নির্বাচনে আমাদের দায়িত্ব কতব্য শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হবে। স্থান এবং সময় পরে জানানো হবে।

ব্যাপক অংশগ্রহণের উদ্যোগ গ্রহণ করতে হবে।

৪) নির্বাচন কে কেন্দ্র করে সব জেলা কমিটিগুলিকে কোনো না কোনো কর্মসূচি গ্রহণ করতে হবে।

কি কর্মসূচী নেওয়া হচ্ছে তা পূর্ব থেকেই রাজ্য কমিটিকে জানাতে হবে।

৫) আসন্ন লোকসভা নির্বাচনে সংগঠনের পক্ষ থেকে আবেদন পত্র এবং পোস্টার গ্রুপে দিয়ে দেওয়া হবে। জেলা কমিটিকে প্রিন্ট করে ভোটারদের কাছে পৌঁছাতে হবে।

৬) কেন্দ্রীয় ভাবে নির্বাচনী মিছিল কলকাতায় অনুষ্ঠিত হবে। নির্বাচনের তারিখ ঘোষণা হবার পরে ,তারিখ এবং সময় জানিয়ে দেওয়া হবে।

৭) একটা কঠিন রাজনৈতিক পরিস্থিতিতে আসন্ন লোকসভা নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে। দেশবিরোধী, সংবিধান বিরোধী কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে এবং গণতন্ত্র হরণকারী স্বৈরাচারী দুর্নীতিগ্রস্ত রাজ্যের শাসক দলের বিরুদ্ধে,বাম গণতান্ত্রিক ও ধর্মনিরপেক্ষ শক্তির পক্ষে জনমত গঠন করতে সমাজের সব অংশের নির্বাচক মন্ডলীর মধ্যে শিক্ষাকর্মী সহ কলেজের ছাত্রছাত্রীদের একটা বড় অংশের তারা তাদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করবে। এই অংশের নির্বাচক মন্ডলীর কাছে সহজে পৌঁছাতে SMS আমাদের কাছে একটা বড় সহায়ক মাধ্যমে হতে পারে, যার মাধ্যমে সম্পূর্ণ গোপনীয়তা রক্ষা করে আমাদের বার্তা আমরা পৌঁছে দিতে পারি। বতমান সময়ে সঠিক তথ্য প্রযুক্তি ব্যবহারে এই সুবিধার ব্যবস্থা আছে।

এর জন্য সবাইকে আন্তরিকভাবে কৌশন অবলম্বন করে যত বেশি সংখ্যাক ফোন নম্বর সংগ্রহ করা যায় তার দ্রুত উদ্যোগ গ্রহণ করতে হবে।। এই কাজে সকলকে ব্যবহার করা যাবে না। জেলার কমিটির স্তর পর্যন্ত

নেতৃবৃন্দদের দায়িত্ব দেওয়া যেতে পারে।আসুন সকলে মিলে কোনো সঙ্কোচ না রেখে বাম গণতান্ত্রিক,আন্দোলনের একজন সৈনিক হিসেবে এই কাজে সামিল হয়ে।

এই SMS এর মাধ্যমে পৌঁছানোর জন্য যা খরচ হবে তা সমান ভাবে জেলা কমিটি গুলিকে সহায়তা করতে হবে।

অভিনন্দন সহ

সুব্রত চক্রবর্তী

সাধারণ সম্পাদক